রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুন ২৮, ২০২৬**

**বাংলাদেশ জাতীয় সংসদ**

ঢাকা, ১৪ আষাঢ়, ১৪৩৩ মোতাবেক ২৮ জুন, ২০২৬

নিম্নলিখিত বিলটি ১৪ আষাঢ়, ১৪৩৩ মোতাবেক ২৪ জুন, ২০২৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ১০১/২০২৬

## Public Examinations (Offences) Act, 1980 এর অধিকতর সংশোধনকল্পে আনীত

## বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Public Examinations (Offences) Act, 1980 (Act No. XLII of 1980) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন Public Examinations (Offences) (Amendment) Act, 2026 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।


**মূল্য :** টাকা ৮.০০

২। **Act No. XLII of 1980 এর section 2 এর সংশোধন।**—Public Examinations (Offences) Act, 1980 (Act No. XLII of 1980), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 2 এর clause (a) এর পর নিম্নরূপ নূতন clause (aa) সন্নিবেশিত হইবে, যথা:—

"(aa) "digital manipulation" includes unauthorized access to, hacking, alteraton, modification, deletion or suppression of any public examination database; "।

৩। **Act No. XLII of 1980 এ নূতন section 3A এর সন্নিবেশ।**—উক্ত Act এর section 3 এর পর নিম্নরূপ নূতন section 3A সন্নিবেশিত হইবে, যথা:—

"3A. **Entrance with electronic devices and violation of directions**.—Whoever, without lawful authority, enters or attempts to enter an examination hall or examination center while in possession of any electronic device prohibited by the authority concerned in connection with the conduct of public examination, or willfully violates any lawful direction, instruction or regulation issued by such authority, shall be punishable with imprisonment for a term which may extened to five years, and shall also be liable to fine."।

৪। **Act No. XLII of 1980 এর section 4 এর সংশোধন।**—উক্ত Act এর section 4 এ উল্লিখিত "Whoever discloses, publishes or distributes, by any means whatsoever," শব্দগুলি ও কমাগুলির পরিবর্তে "Whoever possesses, discloses, publishes or distributes, by any means whatsoever including online platform," শব্দগুলি ও কমাগুলি এবং "ten years" শব্দগুলির পরিবর্তে "five years" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। **Act No. XLII of 1980 এ নূতন section 5A এর সন্নিবেশ।**—উক্ত Act এর section 5 এর পর নিম্নরূপ নূতন section 5A সন্নিবেশিত হইবে, যথা:—

**"5A. Punishment for digital manipulation.**—Whoever commits digital manipulation, shall be punishable with imprisonment for a term which may extend to five years, and shall also be liable to fine."।

৬। **Act No. XLII of 1980 এর section 6 এর সংশোধন।**—উক্ত Act এর section 6 এ উল্লিখিত “seven years” শব্দগুলির পরিবর্তে “five years” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। **Act No. XLII of 1980 এর section 8 এর সংশোধন।**—উক্ত Act এর section 8 এ উল্লিখিত “ten years” শব্দগুলির পরিবর্তে “five years” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৮। **Act No. XLII of 1980 এ নূতন section 9A এর সন্নিবেশ।**—উক্ত Act এর section 9 এর পর নিম্নরূপ নূতন section 9A সন্নিবেশিত হইবে, যথা:—

> **“9A. Organized examination crime.**—Whoever enters into, offers to enter into, or acts upon any contract, agreement or arrangement, whether written or oral, with an examinee or with any person on his behalf, for the purpose of assisting such examinee by applying any unfair means in a public examination, shall be punishable with imprisonment for a term which may extend to five years, and shall also be liable to fine.”।

৯। **Act No. XLII of 1980 এ নূতন section 10A এর সন্নিবেশ।**—উক্ত Act এর section 10 এর পর নিম্নরূপ নূতন section 10A সন্নিবেশিত হইবে, যথা:—

> “**10A. Undue assessment of answer scripts.**—Whoever over-assesses or under-assesses any public examination answer scripts, shall be punishable with imprisonment for a term which may extend to two years, or with fine, or with both:
>
> Provided that no person shall be convicted of an offence under this section unless such over-assessment or under-assessment is determined by a third examiner.”।

১০। **Act No. XLII of 1980 এ নূতন section 12A এর সন্নিবেশ।**—উক্ত Act এর section 12 এর পর নিম্নরূপ নূতন section 12A সন্নিবেশিত হইবে, যথা:—

> “**12A. Liability of institutions and service providers.**—Where any offence under this Act is committed due to aiding, collusion or willful act

of any institution or service provider related with conducting public examinaiton, such institution or service provider shall be liable to fine and may also be subject to debarment, suspension of license, or blacklisting, as the case may be."।

১১। **Act No. XLII of 1980 এ নূতন section 13A ও 13B এর সন্নিবেশ।**—উক্ত Act এর section 13 এর পর নিম্নরূপ নূতন section 13A ও 13B সন্নিবেশিত হইবে, যথা:—

"**13A. Special provision for children in conflict with this Act.**— Notwithstanding anything contained in any other provision of this Act, if a child is in conflict with any provision of this Act, he shall be dealt with the provisions of the Children Act, 2013 (Act No. XXIV of 2013).

**13B. Whistleblower protection.**— (1) Whoever provides credible information regarding any offence relating to examination, shall be protected from disclosure of identity, legal liability and retaliation.

(2) Whoever violates the provision of sub-section (1), shall be punishable with imprisonment for a term which may extend to six months, or with fine, or with both."।

১২। **Act No. XLII of 1980 এর section 14 এর প্রতিস্থাপন।**—উক্ত Act এর section 14 এর পরিবর্তে নিম্নরূপ section 14 প্রতিস্থাপিত হইবে, যথা:—

"**14. Procedure.**—Notwithstanding anything contained in the Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898),—

(a) an offence under this Act shall be congnizable;

(b) no Court other than that of a Metropolitan Magistrate in metropolitan area or a Senior Judicial Magistrate (Magistrate of the first class) other than in metropolitan area shall try an offence under this Act; and

(c) a Court trying an offence under this Act shall try the offence summarily in accordance with th procedure laid down in the said Code for summary trial of summons cases." ।

১৩। **Act No. XLII of 1980 এ নূতন section 14**A **এর সন্নিবেশ।**—উক্ত Act এর section 14 এর পর নিম্নরূপ নূতন, section 14A সন্নিবেশিত হইবে, যথা:—

"**14A. Rule making power.**—The Government may, for carrying out the purposes of this Act, by notification in the official Gazette, make rules."

# উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

দেশের পাবলিক পরীক্ষাসমূহে নকল, প্রশ্নফাঁস, জাল সনদ প্রস্তুত এবং বিভিন্ন ধরনের অনিয়ম প্রতিরোধের লক্ষ্যে প্রায় ৪৫ বছর পূর্বে The Public Examinations (Offences) Act, 1980 প্রণীত হয়। বর্তমান সময়ে প্রযুক্তির ব্যাপক ব্যবহার এবং ডিজিটাল পদ্ধতিতে পরীক্ষা সংক্রান্ত অপরাধ সংঘটনের প্রবণতা বৃদ্ধি পাওয়ায় বিদ্যমান আইনের বিভিন্ন ধারা সময়োপযোগী নয়। পাবলিক পরীক্ষাসমূহে সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে এবং ডিজিটাল পদ্ধতি ও অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে পরীক্ষা সংক্রান্ত অপরাধসমূহ এবং এর দণ্ড আইনের আওতায় আনয়নের উদ্দেশ্যে বিদ্যমান আইনের সংশোধন জরুরি ভিত্তিতে আবশ্যক।

২. গত ০২ এপ্রিল ২০২৬ তারিখে মন্ত্রিসভা বৈঠকে The Public Examinations (Offences) (Amendment) Act, 2026-এর খসড়া নীতিগত অনুমোদন করা হয়। উক্ত মন্ত্রিসভা বৈঠকের নির্দেশনার আলোকে The Public Examinations (Offences) (Amendment) Act, 2026-এর খসড়া সংযোজন/বিয়োজন এবং পরিমার্জন করা হয়। খসড়া আইনটি গত ২৮ এপ্রিল ২০২৬ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ ভেটিংয়ের জন্য প্রেরণ করা হলে তারা গত ০৭ মে ২০২৬ তারিখে আইনটি ভেটিং করে প্রেরণ করে। মন্ত্রিপরিষদ বিভাগ এর নির্দেশনা অনুযায়ী আইনের কিছু অনুচ্ছেদ সংশোধনপূর্বক পুনরায় ভেটিং সম্পন্ন করে গত ১৮-০৫-২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। গত ০৪ জুন ২০২৬ তারিখে মন্ত্রিসভা বৈঠকে আইনটি সংশোধনের নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনা মোতাবেক আইনটি সংশোধনকরতঃ পুনরায় ভেটিং সম্পন্ন করে Rules of Business, 1996-এর Rule 16 (i) অনুযায়ী মন্ত্রিসভার বৈঠকে চূড়ান্ত অনুমোদনের জন্য গত ১০-০৬-২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। গত ১৮-০৬-২০২৬ তারিখে The Public Examinations (Offences) (Amendment) Act, 2026-এর খসড়া মন্ত্রিসভা-বৈঠকে চূড়ান্ত অনুমোদন করা হয়।

৩. প্রস্তাবিত আইনের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো (ক) Cyber Crime এর মাধ্যমে Examination Database এর অননুমোদিত দখল গ্রহণ (access) সহ যে কোন ধরনের Digital tampering কে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে 'Digital Manipulation' শব্দগুলি সন্নিবেশিতকরণ ও সংজ্ঞায়ন, (খ) Digital Manipulation করলে সর্বোচ্চ ০৫ বছর কারাদণ্ড এবং জরিমানার বিধান এবং (গ) পাবলিক পরীক্ষায় সংগঠিতভাবে পরীক্ষা জালিয়াতি বা চক্র গঠন করলে কঠোর শাস্তি এবং জরিমানার বিধান।

৪. 'The Public Examinations (Offences) (Amendment) Act, 2026' বিল আকারে প্রস্তাবক্রমে জাতীয় সংসদে উপস্থাপন করা হলো।

**ড. আ ন ম এহছানুল হক মিলন**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd